

## DSE-B-2

## [ লোকসাহিত্য ও লোকসংস্কৃতি ]

পূর্ণমান - ৬৫

- ১। (ক) লোকসংস্কৃতি বলতে কী বোঝায়? লোকসংস্কৃতির শ্রেণিবিভাগ করে তার পরিচয় দাও।  
অথবা,  
(খ) ব্রতের সংজ্ঞা উল্লেখ করে সেই ব্রতের পরিচয় দাও।
- ২। (ক) লোকনৃত্যের সংজ্ঞা দাও, লোকনৃত্য হিসাবে ছৌ নৃত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।  
অথবা,  
(খ) বাংলা ধাঁধার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ৩। (ক) প্রবাদ ও প্রবচনের পার্থক্য নির্দেশ করে বাংলা প্রবাদের বৈশিষ্ট্য দু'স্তাস্তসহ আলোচনা করো।  
অথবা,  
(খ) বাংলার লোকগান হিসাবে বাউল গানের পরিচয় দাও।
- ৪। (ক) পুণ্যপুকুর ব্রতের সংক্ষিপ্ত পরিচয় দাও।  
অথবা,  
(খ) বাক্যকেন্দ্রিক লোকসংস্কৃতির পাঁচটি বৈশিষ্ট্য লেখো।
- ৫। (ক) লোকনৃত্য হিসাবে রায়বেঁশের পরিচয় দাও।  
অথবা,  
(খ) লোকছড়ার বিষয় বৈচিত্র্যের পরিচয় দাও।
- ৬। (ক) বিভিন্ন বৃত্তিজীবী মানুষ যেভাবে প্রবাদের বিষয় হয়েছে সে বিষয়ে উদাহরণসহ আলোচনা করো।  
অথবা,  
(খ) বাংলা লোকসংগীত হিসাবে ভাটিয়ালি গানের পরিচয় দাও।
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)।
- (ক) টাইপ ও মোটিফ ইনডেক্স  
(খ) লোকছড়ায় ব্যবহৃত সমাজজীবন  
(গ) নীতিকথার গঠন বৈশিষ্ট্য।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

- (ক) লোকসাহিত্যে 'লোক' শব্দটির অর্থ কী?
  - (খ) Folklore শব্দটি কত খ্রিস্টাব্দে প্রস্তাবিত হয়?
  - (গ) টাইপ ও মোটিফ পদ্ধতি বিষয়ক স্টিফ থমসনের বইটির নাম কী?
  - (ঘ) কোন মাসে ভাদু ব্রত পালিত হয়?
  - (ঙ) পুণ্যপুকুর ব্রত কোন মাসে পালিত হয়?
  - (চ) গম্ভীরা লোকনৃত্য কোন অঞ্চলে প্রচলিত?
  - (ছ) রায়বেঁশে শব্দের অর্থ কী?
  - (জ) ধাঁধা ও ছড়ার একটি পার্থক্য লেখো।
  - (ঝ) ছৌ নাচ হয় এমন একটি জেলার নাম লেখো।
  - (ঞ) বিষয় অনুসারে বাংলা ধাঁধার প্রধান বিভাগ দুটি কী?
  - (ট) প্রথম বাংলা প্রবাদের সংকলন কে প্রকাশ করেন?
  - (ঠ) Folk Tales of Bengal গ্রন্থটি কে রচনা করেন?
  - (ড) রূপকথার একটি বৈশিষ্ট্য লেখো।
  - (ঢ) ভাওয়াইয়া গানে ব্যবহৃত যন্ত্রটির নাম কী?
  - (ণ) একজন প্রখ্যাত বাউল সাধকের নাম লেখো।
-